দৈনিক সংবাদ

তারিখ 04 MAR 1986
পৃষ্ঠা 3 কলাম 7

12

# পরিসংখ্যান ব্যুরো ক্ষুদ্র এলাকার মানচিত্র প্রকাশ করবে

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বাংলাদেশের ক্ষুদ্র এলাকার মানচিত্র প্রকাশের একটি কর্মসূচী গ্রহণ করেছে। এই মানচিত্রে বাংলাদেশের পৌর ও পল্লী এলাকার মহল্লা ও মৌজা সমূহের জিও-কোড নম্বরসহ অবস্থান দেখানো হয়েছে। পুরানো ২০টি জেলার প্রত্যেকটির জন্য একটি করে মানচিত্র প্রকাশ করা হবে।

ইতিমধ্যে ঢাকা জেলার ক্ষুদ্র এলাকার মানচিত্র প্রকাশ করা হয়েছে। ব্যবহারকারীদের সুবিধার্থে এই জেলা মানচিত্রে কিছু নির্দেশনা ও তিনটি নির্দেশক মানচিত্র যথা একটি বাংলাদেশের এবং দু'টি জেলা মানচিত্র ছাড়াও জেলার প্রতিটি উপজেলার মানচিত্র সন্নিবেশিত করা হয়েছে। প্রতিটি উপজেলার মানচিত্রে উপজেলার সকল ইউনিয়ন ও মৌজা দেখানো হয়েছে। এছাড়া জেলা মানচিত্রে জেলার প্রত্যেকটি পৌরসভা, ওয়ার্ড ও মহল্লাসহ দেখানো হয়েছে। খবর তথ্য বিবরণীর।